

- ৬। ‘লেখক’ একটি আধুনিক ধারণা—কী অর্থে বার্ত এই সিদ্ধান্ত করেন তা সংক্ষেপে আলোচনা করো। প্রসঙ্গত জানাও তাঁর প্রবন্ধের শিরোনামে ‘লেখক’ এবং ‘মৃত্যু’ শব্দদুটি তুমি কীভাবে পড়তে চাও।
- ৭। কবি/লেখকের অলৌকিক এবং একক ভূমিকা তছনছ হয়ে যায় এঙ্গেলস কিংবা মার্কস-এর আলোচনায়। তাঁদের ব্যাখ্যায় সাহিত্য আসলে একটি সমাজের অর্থনৈতিক কাঠামোর সঙ্গে জুড়ে থাকা ব্যাপার। কীভাবে তাঁরা এই সিদ্ধান্ত দাঁড় করান সংক্ষেপে বুঝিয়ে দাও।

কলা স্নাতকোত্তর অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০২৩

(দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সিমেন্টার)

বাংলা

কোর্স : পি.জি.-৪.৪

পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

- ১। আরিস্ততলের মতে অনুকরণ (mimesis) কি একটি সৃষ্টিশীল প্রক্রিয়া? সংক্ষিপ্ত আলোচনায় বুঝিয়ে দাও।

অথবা

- ২। ট্রাজেডির সংজ্ঞা দাও। আরিস্ততলের ভাবনা অনুযায়ী তার ‘ষড়ঙ্গের’ পরিচয় দাও।
- ৩। ‘প্রিফেস টু লিরিকাল ব্যালাডস’-এ ওয়ার্ডসওয়ার্থ কবিতার রচনাপ্রক্রিয়া কীভাবে উপস্থাপিত করেছেন, আলোচনা করো।

অথবা

- ৪। ‘লিরিকাল ব্যালাডস’-এর মুখবন্ধে লিখিত ওয়ার্ডওয়ার্থের সাহিত্যভাবনা প্রসঙ্গে যে সমালোচনা হয়েছিল, তার সংক্ষিপ্ত বিবরণ দাও। এ প্রসঙ্গে নিজের অভিমত জানাও।
- ৫। ‘বাজার-চলতি’ লোকপ্রিয় গল্প-উপন্যাসের সঙ্গে ফ্রয়েড কীভাবে শিশুদের খেলালখুশির খেলার একটি সংযোগ-সূত্র নির্ধারণ করেন তা পাঠ্য নিবন্ধ অবলম্বন করে বুঝিয়ে দাও।

অথবা

[Turn over